উৎসবেঃ
বিপদেঃ
সম্পদেঃ
প্রয়োজন টাকার :—আপনাকে টাকা উপার্জ্জন করতে সঞ্চয় করতে ও বর্দ্ধিত করতে সাহায্য করবে

দি
**ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ**

স্থাপিত ১৯২৮

হেড অফিস :—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা
বিশেষ সর্ত্তাদির জন্য স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন
জঙ্গীপুর শাখার
ম্যানেজিং এজেন্ট :— পি, চ্যাটার্জ্জি, বি-এল।
ম্যানেজিং ডিরেক্টর :— পি, কে, গুহ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩২শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২রা জ্যৈষ্ঠ বুধবার ১৩৫২ ইংরাজী 16th May, 1945 { ১ম সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাণ্ডো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাণ্ডো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা উৎসাহ, কত শান্তির ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ়-বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন পাথেয় নিয়ে দাঁড়াবে?—

জীবনযাত্রার অনিশ্চিতপথে জীবনবীমা মানুষের প্রধান পাথেয়।

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

১৯৪৪ সালে নূতন বীমা ১০ কোটী টাকার উপর

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২রা জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫২ সাল

## জঙ্গিপুর সংবাদের নববর্ষ

আজ "জঙ্গিপুর সংবাদ" একত্রিংশ (৩১) বর্ষ অতিক্রম করিয়া দ্বাত্রিংশ (৩২) বর্ষে প্রবেশ করিল। আমাদের এই নব বর্ষ প্রবেশে গ্রাহক, অনুগ্রাহক ও পৃষ্ঠপোষকগণকে যথাযোগ্য সম্মান জ্ঞাপন করিয়া কার্য্যারম্ভ করিলাম। আমাদের এই নববর্ষে ইউরোপে পৃথিবীর সর্ব্বনাশা যুদ্ধে ভারতের প্রতিপক্ষ জার্ম্মানীর পতন সংবাদ ও সম্মিলিত ত্রিশক্তির বিজয়োৎসব বার্ত্তা প্রকাশ করিবার সুযোগ পাইয়া নিজেদের ধন্য মনে করিতেছি।

---

## জঙ্গিপুরে বিজয়োল্লাস

জঙ্গিপুর মহকুমা ম্যাজিষ্ট্রেট সাহেবের পরিচালনায় নিম্নলিখিত কার্য্যতালিকানুসারে বিজয়োৎসব সম্পন্ন হইয়াছে :—

### বিজয়োৎসব-অনুষ্ঠান কার্য্যতালিকা

১৩ই মে ১৯৪৫

(ক) মন্দিরে মন্দিরে কৃতজ্ঞতাসূচক স্তুতি
পূর্ব্বাহ্ন ৭ ঘটিকায়

ব্যবস্থাপক—বাবু এস্, সি, চক্রবর্ত্তী
" বি, সি, নাথ
" জয়নারায়ণ আগরওয়ালা

(খ) মস্‌জিদে মস্‌জিদে কৃতজ্ঞতাসূচক উপাসনা
অপরাহ্ন ১ ঘটিকায়

ব্যবস্থাপক—মৌঃ জাহিরুদ্দিন বিশ্বাস
মৌঃ আমজাদ আলি
হাজি আনিরুদ্দিন
মৌঃ এ, ফজল
মৌঃ মহম্মদ সেকন্দর

১৪ই মে ১৯৪৫

(ক) পুলিশবাহিনী ও গৃহরক্ষীদলের কুচ কাওয়াজ
পূর্ব্বাহ্ন ৮ ঘটিকায়

পরিচালক—পুলিশ ইন্‌স্পেক্টর ও হোম-গার্ডের এড্‌জুট্যান্ট

(খ) ফৌজদারী আদালত প্রাঙ্গন হইতে "ব্যাণ্ড" বাদ্য সহ শোভাযাত্রা। পূর্ব্বাহ্ন ৮টা ৩০ মিঃ
জনসাধারণ, সরকারী কর্ম্মচারীবৃন্দ, বিদ্যালয়ের ছাত্রদল শোভাযাত্রায় যোগদান করিবেন।

(গ) দরিদ্রগণকে বস্ত্র বিতরণ—অপরাহ্ন ২ ঘটিকায়

(ঘ) বিদ্যালয়ের বালক বালিকাগণের মধ্যে মিষ্টান্ন বিতরণ—পূর্ব্বাহ্ন ৮টা ২০ মিনিটে

পরিবেশন পরিচালক—বাবু এস্, সি, চক্রবর্ত্তী
" এস্, সি, বিশ্বাস
" বি, ঘোষ
" কালীপদ দাস
" বনবিহারী ব্যানার্জি

(ঙ) দরিদ্র-ভোজন—নিম্নলিখিত মহোদয়গণ কর্ত্তৃক
১। মৌঃ মহম্মদ সেকন্দর ২। বাবু শ্যামাপদ দত্ত ৩। হাজি আনিরুদ্দিন ৪। খাঁ সাহেব হাজি মনিরুদ্দিন ৫। মৌঃ সৈয়দ গোলাম কিব্রিয়া (আল্লা রাখা মিঞা) ৬। মৌঃ ঈশা খাঁ
৭। বাবু মুরলীধর গুপ্ত ৮। বাবু কেনারাম চন্দ্র ৯। বাবু চুনীচাঁদ আগরওয়ালা

(চ) ক্রীড়া কৌতুক—"ফ্যান্সী ফুটবল ম্যাচ"
অপরাহ্ন ৫টা ৩০ মিনিটে

(ছ) আতস বাজী—সন্ধ্যা ৮ ঘটিকায়

(জ) নাট্যাভিনয়—রাত্রি ৯ ঘটিকায়

(ঝ) সরকারী, সাধারণ প্রাসাদ, ব্যক্তিগত ভবন ও ব্যবসায়-নিকেতন সমূহে আলোক সজ্জা

(ঞ) সরকারী ও সাধারণ প্রাসাদ সমূহ সম্মিলিত জাতীয় পতাকায় সুসজ্জীকরণ।

---

## ছেলেদের থিয়েটার

রঘুনাথগঞ্জ যতীন দাস ছাত্র পাঠাগারের সাহায্যকল্পে কতকগুলি স্কুল কলেজের ছেলে গত শনিবার স্থানীয় ম্যাকেঞ্জি হলে "বিশ বছর আগে" অভিনয় করিয়াছিল। এই সকল তরুণ অভিনেতৃগণ কোন অভিজ্ঞ অভিনয় শিক্ষকের সাহায্য পায় নাই। ইহাদের স্বয়ং সিদ্ধ অভিনেতা বলিলেও অত্যুক্তি হয় না। তবুও যে অভিনয় করিয়াছিল তাহা নেহাৎ ছ্যা ছ্যা নহে। বর্ত্তমানে সর্ব্বশ্রেষ্ঠ নট শ্রীযুক্ত শিশিরকুমার ভাদুড়ী মহাশয় ছাত্রজীবনে এই প্রকার সম্প্রদায় লইয়া অভিনয় করিতেন। যৌবনে কলিকাতা "ওল্‌ড ক্লাবে" স্বর্গীয় দ্বিজেন্দ্রলাল রায় মহাশয়ের রচিত 'সীতা" অভিনয় করিয়া প্রথম সুখ্যাতি অর্জ্জন করেন। পরে ব্যবসাদারী রঙ্গমঞ্চে অভিনয় করিয়া অদ্বিতীয় অভিনেতা বলিয়া পরিগণিত হইয়াছিলেন। সুদূর মার্কিন দেশেও অভিনয় করিবার জন্য নিমন্ত্রিত হইয়াছিলেন। এই সব বালকগণের মধ্যে মা সরস্বতী নাট্য-প্রতিভারূপে বিরাজ করিতেছেন কি না তাহা কে বলিতে পারে!

---

## বিজয়োৎসবে চিকিৎসা সঙ্কট

গত ১৪ই মে সোমবার রাত্রিতে বিজয়োৎসব উপলক্ষে রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি হলে রঘুনাথগঞ্জের থিয়েটারের অধিকারী শ্রীযুত পশুপতি চট্টোপাধ্যায় তাঁহার সম্প্রদায় সহ চিকিৎসা-সঙ্কট অভিনয় করিয়াছেন। অভিনয় আরম্ভের পূর্ব্বে পবন দেব ও বরুণ দেব তাঁহাদের স্ব স্ব আয়ুধ—ঝটিকা ও মুষলধারে বৃষ্টি লইয়া যে তাণ্ডব নৃত্য আরম্ভ করিয়াছিলেন, তাহাতে দর্শক মণ্ডলীর অভিনয় স্থলে যাওয়া এক প্রকার অসম্ভব হইয়াছিল। তবুও এত দর্শক উপস্থিত ছিলেন যে সকলে বসিবার স্থানও পান নাই। অভিনয় ভালই হইয়াছিল। এই সম্পর্কে আমরা জনৈক অভিনেতার কথা উল্লেখ করিবার প্রলোভন সংবরণ করিতে পারিতেছি না। তিনি আমাদের সাপ্লাই অফিসার মিঃ তালুকদার সাহেব। রঙ্গ-মঞ্চে তাঁর এই হাতে খড়ি। তাঁহাকে যেমন মানাইয়াছিল, তেমনটী আর

কাহাকেও মানায় নাই। নিমতিতার শ্রীযুত নিশিকান্ত রায় মহাশয় রূপ-সজ্জা নৈপুণ্যে সম্প্রদায়কে কলিকাতার দ্বারস্থ হইবার দায় হইতে রক্ষা করিয়া ধন্যবাদের পাত্র হইয়াছেন।

## নিমতিতা হাই স্কুলে নির্ব্বাচন

গত ৭ই মে নিমতিতা উচ্চ ইংরাজী বিদ্যালয়ের কর্ম্মকর্ত্তা নির্ব্বাচন হইয়া গিয়াছে। শ্রীযুক্ত রাধানাথ চৌধুরীর প্রস্তাব অনুসারে রায় বাহাদুর মহেন্দ্রনাথ দাস এবং রায় বাহাদুর জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী যথাক্রমে সভাপতি ও সম্পাদক পদে নির্ব্বাচিত হইয়াছেন। নির্ব্বাচনে কোনরূপ প্রতিদ্বন্দ্বিতা হয় নাই।

## নিমতিতায় স্বাধীনতা দিবস পালন

নিখিল ভারত হিন্দু মহাসভার নির্দ্দেশ অনুসারে গত ১০ই মে নিমতিতার হিন্দুগণ কর্ত্তৃক হিন্দুস্থানের স্বাধীনতা দিবসরূপে পালিত হইয়াছে। এই উপলক্ষে নিমতিতা হিন্দু মহাসভার সেক্রেটারী শ্রীযুক্ত রাধানাথ চৌধুরী সভাপতির আসন গ্রহণ করিয়া 'স্বাধীনতার প্রস্তাব' উত্থাপন করেন এবং উহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

## জমির সার

যে সমস্ত জমিতে ধান উৎপন্ন করা হয়, তাহাতে সার দিবার জন্য কৃষি বিভাগ প্রচুর অস্থিচূর্ণ, খইল ও এমোনিয়াম সাল্‌ফেট বিতরণের ব্যবস্থা করিয়াছেন। যে সকল কৃষক ধান উৎপন্ন করে, তাহাদের মধ্যে উহা বিতরণ করা হইবে। অস্থিচূর্ণ আশু ফলদায়ক না হইলেও ইহাতে স্থায়ী ফল পাওয়া যায়। উহা ক্রয়-মূল্যের অর্দ্ধেক দামে উক্ত বিভাগের বিভিন্ন বীজ ভাণ্ডার হইতে বিক্রয় করা হইতেছে প্রত্যেক মহকুমায় একটী করিয়া বীজ ভাণ্ডার আছে। ঐ সমস্ত বীজ ভাণ্ডারে খইলও ন্যায্য মূল্যে পাওয়া যাইবে। ইম্পিরিয়েল কেমিক্যাল ইণ্ডাষ্ট্রীজ (ইণ্ডিয়া) লিমিটেডের ডিপোসমূহের মারফৎ এমো-[illegible]ম সাল্‌ফেট সস্তা দামে বিক্রয় করা

# জয় ও JOY



পশ্চিমে ইউরোপ, যুদ্ধ হলো লোপ
একেবারে হার মানি,
ঘুচায়ে উৎপাত, হইল চিৎপাত
দুর্দ্দম জারমানী।
শক্ত করি বুক, চালাও বন্দুক
বীর বিক্রমে পূবে,
শত্রু-তূর্য্য শত্রু-সূর্য্য
অচিরাৎ যাবে ডুবে।

( ৪র্থ কলমের জের )

হইতেছে। এক বিঘা জমিতে সাধারণতঃ এক মণ অস্থিচূর্ণ বা এক মণের এক. তৃতীয়াংশ পরিমাণ এমোনিয়াম সাল্‌ফেট ব্যবহার করিতে হয়।

## তুলসী-বিহার মেলা

জঙ্গিপুরের জমিদার ৺দেওয়ান কীর্ত্তিচন্দ্র দত্ত মহাশয় দেবসেবা ও অতিথি সেবার জন্য সুবিখ্যাত ছিলেন। তাঁহারই প্রতিষ্ঠিত বিগ্রহ শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেব ঠাকুর তুলসী-বিহার উপলক্ষে জঙ্গিপুর মন্দির হইতে প্রতি বৎসর বৈশাখ সংক্রান্তির পূর্ব্ব দিবস রাত্রিতে রঘুনাথগঞ্জ বাগিচা বাটীতে শুভাগমন করিয়া উক্ত বাটীর মধ্যস্থিত সুবৃহৎ সুসজ্জিত মন্দিরে তিন দিনের জন্য অবস্থান করিতেন। বাগিচা বাটীর চতুর্দ্দিকে নির্ম্মিত গৃহগুলির এক এক প্রকোষ্ঠে মুর্শিদাবাদ, বীরভূম প্রভৃতি জেলার বহু বিগ্রহ নিমন্ত্রিত হইয়া এই কয় দিনের জন্য অবস্থান করিয়া জমিদার বাবুর প্রদত্ত ভোগ, পূজা ও প্রণামী গ্রহণ করিয়া স্বস্থানে গমন করিতেন। স্বর্গীয় দেওয়ানজীর দৌহিত্রের দৌহিত্র বা তাহাদের বংশধরগণ এখন উত্তরাধিকার সূত্রে সেবাইত। ৺বিগ্রহ এখন তাঁহাদের কাহারো কাহারো অবস্থা বিপর্য্যয়ে গলগ্রহ হইয়া পড়িয়াছেন। এই মেলার সময় কত দরিদ্র আসিত সকলকেই অন্নব্যঞ্জনাদির দ্বারা পরিতৃপ্ত করা হইত। এখন কোন কোন অংশীদারের সম্পত্তি নীলাম হইয়াছে, কেহ বা মামলা করিয়া ঠেকা দিয়া রাখিয়াছেন; কাজেই

"যদন্নঃ পুরুষো রাজন্ তদন্নাঃ পিতৃদেবতা"

সেবাইতগণের দশার মত আয়োজনে কেবল মাত্র কৌলিক বজায় রাখার জন্য তাঁহাদেরই বিগ্রহগুলি শ্রী৺বৃন্দাবনবিহারী দেব সহ তিন দিনের মত বাগিচা বাটীতে আসিয়া তুলসী-বিহার লীলা সমাপন করিয়াছেন।

## নার্সের শিক্ষায় রেড্‌ক্রশের দান

এই প্রদেশের দুর্ভিক্ষ সাহায্য জরুরী হাসপাতালগুলিতে যে সকল নার্স নিযুক্ত আছেন, তাহাদের শিক্ষাদান কার্য্যে সহায়তার উদ্দেশ্যে ইণ্ডিয়ান রেড্‌ক্রশ সোসাইটি বাঙলা গভর্ণমেণ্টকে ৫৮০০০৲ টাকা দান করিয়াছেন।

( পর পৃষ্ঠায় দেখুন।)

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুনসেফী আদালত

নিলামের দিন ২১শে মে ১৯৪৫

১৯৪৫ সালের ডিক্রীজারী

৯১ খাঃ ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং রমেন্দ্রকৃষ্ণ গোস্বামী বিদ্যাবিনোদ দিং দাবি ১২২।৴০ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ২২।৪।।০ জমির কাত ১৮।৴৩ আঃ ৭৫৲ রায়ত স্থিতিবান


## রঞ্জন সুধা

অম্বল ও সর্ব্বপ্রকার পেটের অসুখের অব্যর্থ মহৌষধ
ইহা ছাড়া এইখানে ম্যালেরিয়া ও সকল প্রকার
রোগের চিকিৎসা করা হয়।

হাকিমী ঔষধালয়
জঙ্গিপুর সাহেববাজার, (মুর্শিদাবাদ)

হাতে কাটা
## বিশুদ্ধ পৈতা
মূল্য এক আনা
পণ্ডিত প্রেসে পাইবেন।

## ঘোষ এণ্ড সন্স


প্রসিদ্ধ টাইল নির্ম্মাতা

ঘর ছাওয়াইবার রাণীগঞ্জ প্যাটার্ণের টাইল বিক্রয় জন্য প্রস্তুত আছে।

প্রোঃ শ্রীসুরেশচন্দ্র ঘোষ
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)




## সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত